

কমিটি ৭৭৪
৩১/৮/২৫

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
www.moa.gov.bd



স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯২

তারিখ: ১২ ভাদ্র, ১৪৩৩
২৭ আগস্ট, ২০২৬

বিষয়: সার ডিলার নিয়োগকল্পে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির মেয়াদ বৃদ্ধি

সূত্র: (১) সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগের স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৮; তারিখ: ০৫/০২/২০২৬ খ্রি.
(২) সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখার স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৬৮; তারিখ: ০২/০৮/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' ও ২০২৫ (সংশোধিত) নীতিমালা অনুযায়ী দেশের বিভিন্ন জেলার ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহে সার ডিলার নিয়োগ প্রদানের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদন গ্রহণ করা হয়েছিল এবং এখনও আবেদন গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' জারি করা হয়েছে। মাঠ পর্যায়ে সার বিতরণ ব্যবস্থাপনার বাস্তবতা বিবেচনায় ডিলার নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনের সময়সীমা ১০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন। এক্ষেত্রে ইতোপূর্বের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। পূর্বের বিজ্ঞপ্তি অনুযায়ী দাখিলকৃত আবেদনপত্রসমূহ ও বর্ধিত সময়ে প্রাপ্ত আবেদনসমূহের সাথে একত্রে যাচাই-বাছাই করে চূড়ান্ত সিদ্ধান্তের জন্যে কৃষি মন্ত্রণালয়ের 'সার ডিলার সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি'র অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

০২। বর্ণিতাবস্থায়, ইতোপূর্বে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ ও ২০২৫ (সংশোধিত) অনুযায়ী বিভিন্ন জেলায় সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতায় সার ডিলার হিসেবে আবেদনের সময়সীমা ১০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। প্রাপ্ত সকল আবেদন 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' অনুযায়ী যাচাই-বাছাইপূর্বক নিয়োগ চূড়ান্ত করা হবে।

সংযুক্তি: সূত্রোদ্ধিখিত পত্র

৩০/০৮/২০২৬
(মোঃ জসিম উদ্দিন)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০১১৪
E-mail: jsfmm@moa.gov.bd

প্রাপক:

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, -----জেলা (সকল)।
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ----- জেলা (সকল)।

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯২

তারিখ: ১২ ভাদ্র, ১৪৩৩
২৭ আগস্ট, ২০২৬

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। মাননীয় মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং আশ্রয়ক, সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্যে মন্ত্রিসভা কমিটি;
- ২। মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও মন্ত্রণালয় এবং সদস্য, সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্যে মন্ত্রিসভা কমিটি;
- ৩। মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং সদস্য, সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্যে মন্ত্রিসভা কমিটি;
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৫। উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);

C:\Users\MoA\Desktop\Time extension (1).docx

- ৬। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
৭। সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯। অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপরকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। অফিস কপি।


(মোঃ জাফর উদ্দিন) ১৩/০৮/২০২৬
মুগ্ধসচিব

ফোন: ৫৫১০০১১৮

E-mail: jsfmm@moa.gov.bd